গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
**শৃঙ্খলা শাখা**

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২০.১৮- ০৬ তারিখঃ ০৬/০১/২০১৯ খ্রি.

বিষয়ঃ বেগম সাবিনা পারভীন, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা) নিজ বেতনে, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ-এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগের ভিত্তিতে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে **'অসদাচরণ (Misconduct)' ও পলায়ন (Desertion)'**-এর দায়ে বিভাগীয় মামলা রুজু।

অভিযোগনামা

যেহেতু, আপনি বেগম সাবিনা পারভীন, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা) নিজ বেতনে, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ-কে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের গত ২৪/০৪/২০১৮ তারিখের ৫৯.০০.০০০০.১১০.১৯.০০২.১৮-১৫৩ নম্বর স্মারকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিট থেকে মুন্সিগঞ্জ জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে বদলি করা হয়। উক্ত বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত আপনাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিট থেকে গত ০৩/০৫/২০১৮ তারিখের পপঅ/উঃ ও সঃ-১/২০০২/১৯২৪(অংশ-৩)/৪৯১৭ নম্বর স্মারকে ছাড়পত্র প্রদান করা হয়। তবে, আপনি গত ৩০/১০/২০১৮ তারিখ পর্যন্ত বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, আপনি শারীরিক অসুস্থতার জন্য গত ০৬/০৫/২০১৮ তারিখে স্বাক্ষরিত আবেদনে ২ (দুই) সপ্তাহের ছুটি মঞ্জুরির জন্য আবেদন করেন। উক্ত ছুটির আবেদনের সাথে প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্র সংযুক্ত না থাকায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের গত ১৪/০৮/২০১৮ তারিখের পপ/শা-১/২ই-২৩/৯৯/২২০৩ নম্বর স্মারকে আপনার ছুটির আবেদন বিবেচনার সুযোগ নেই মর্মে জানিয়ে দেওয়া সত্ত্বেও আপনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি;

যেহেতু, আপনাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের গত ৩০/০৮/২০১৮ তারিখের পপ/প্র-ই/শৃং(শা-২)/২৪০/ ২০১৮/৩৯৪ নম্বর স্মারকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেননি;

যেহেতু, আপনার এহেন কার্যকলাপে পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম বিঘ্নিত হয়েছে; বিভাগীয় ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে; এবং

যেহেতু, আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে **'অসদাচরণ (Misconduct)' ও পলায়ন (Desertion)'** হিসেবে গণ্য; যা শাস্তিযোগ্য অপরাধ;

যেহেতু, আপনাকে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে **'অসদাচরণ (Misconduct)' ও পলায়ন (Desertion)'**-এর অভিযোগে অভিযুক্ত করা হলো। উক্ত অভিযোগের দায়ে কেন আপনাকে উল্লিখিত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক 'চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)' দণ্ড প্রদান করা হবে না বা উপরোক্ত বিধিমালার আওতায় অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, সে সম্পর্কে আত্মপক্ষ সমর্থনে আপনার লিখিত জবাব এ অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশ প্রদান করা হলো। যে সকল অভিযোগের ওপর ভিত্তি করে এ অভিযোগনামা প্রণয়ন করা হয়েছে, তার একটি বিবরণী এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

আত্মপক্ষ সমর্থনে আপনি ব্যক্তিগত শুনানিতে আগ্রহী কি-না, তাও আপনার লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

(জি. এম. সালেহ উদ্দিন)
সচিব

বেগম সাবিনা পারভীন
সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা)
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

তারিখঃ০৬/০১/২০১৯ খ্রি.

স্মারক নম্বরঃ ৫৯.০০.০০০০.১১৭.২৭.০২০.১৮- ৩৩/১(৫)

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(নোটিশটি পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অয়েবসাইটে প্রকাশ, অভিযুক্ত কর্মকর্তার ই-মেইলে প্রেরণ এবং তাঁর সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় রেজিষ্টার্ড ডাকযোগে প্রেরণপূর্বক (যদি বিলি না হয়ে থাকে সেক্ষেত্রে সর্বশেষ জ্ঞাত কর্মস্থল, বাসস্থান ও স্থায়ী ঠিকানায় লটকায়ে জারিকরণপূর্বক ফেরতখামসহ) তার প্রতিবেদন অত্র বিভাগে প্রেরণের অনুরোধসহ)।

২। পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা-১২১৫
(তথ্যটি রেজিষ্টার/কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হ'ল)।

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। উপ-পরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ।

৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ এবং সম্ভব হলে সংশ্লিষ্ট কর্মকর্তার ই-মেইলে প্রেরণপূর্বক প্রতিবেদন অত্র শাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হ'ল)।

(মোহাম্মদ আলী)
সহকারী সচিব
ফোন-৯৫৪৫৬৬৭

# অভিযোগ বিবরণী

আপনি, বেগম সাবিনা পারভীন, সহকারী পরিচালক (পরিবার পরিকল্পনা) নিজ বেতনে, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মুন্সীগঞ্জ-কে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের গত ২৪/০৪/২০১৮ তারিখের ৫৯.০০.০০০০.১১০.১৯.০০২.১৮-১৫৩ নম্বর স্মারকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিট থেকে মুন্সিগঞ্জ জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে বদলি করা হয়। উক্ত বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত আপনাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের উপকরণ ও সরবরাহ ইউনিট থেকে গত ০৩/০৫/২০১৮ তারিখের পপঅ/উঃ ও সঃ-১/২০০২/১৯২৪(অংশ-৩)/৪৯১৭ নম্বর স্মারকে ছাড়পত্র প্রদান করা হয়। তবে, আপনি গত ৩০/১০/২০১৮ তারিখ পর্যন্ত বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি;

আপনি শারীরিক অসুস্থতার জন্য গত ০৬/০৫/২০১৮ তারিখে স্বাক্ষরিত আবেদনে ২ (দুই) সপ্তাহের ছুটি মঞ্জুরির জন্য আবেদন করেন। উক্ত ছুটির আবেদনের সাথে প্রয়োজনীয় তথ্যাদি/কাগজপত্র সংযুক্ত না থাকায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের গত ১৪/০৮/২০১৮ তারিখের পপ/শা-১/২ই-২৩/৯৯/২২০৩ নম্বর স্মারকে আপনার ছুটির আবেদন বিবেচনার সুযোগ নেই মর্মে জানিয়ে দেওয়া সত্ত্বেও আপনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেননি;

আপনাকে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের গত ৩০/০৮/২০১৮ তারিখের পপ/প্র-ই/শৃং(শা-২)/২৪০/২০১৮/৩৯৪ নম্বর স্মারকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হলেও আপনি উক্ত নোটিশের জবাব প্রদান করেননি;

আপনার এহেন কার্যকলাপে পরিবার পরিকল্পনা এবং মা ও শিশু স্বাস্থ্য কার্যক্রম বিঘ্নিত হয়েছে; বিভাগীয় ভাবমূর্তি ক্ষুন্ন হয়েছে; এবং

আপনার এহেন কার্যকলাপ 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮'-এর বিধি-৩ এর দফা (খ) ও (গ) মোতাবেক যথাক্রমে **'অসদাচরণ (Misconduct)' ও পলায়ন (Desertion)'** হিসেবে গণ্য; যা শাস্তিযোগ্য অপরাধ।

৮/১১/১৮

(জি. এম. সালেহ উদ্দিন)
সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়